নির্বাচন অগ্রাধিকার
অতি জরুরি

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা
www.ec.org.bd

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৫.১৬-৯৮

তারিখঃ ০২ চৈত্র ১৪২২ / ১৬ মার্চ, ২০১৬

বিষয় ঃ ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচনে চেয়ারম্যান পদে নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরসহ তালিকা সরবরাহ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন ১৫ মার্চ, ২০১৬ তারিখে সংযোজিত তালিকার ৬৮৫টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচনের সময়সূচি ঘোষণা করার জন্য সংশ্লিষ্ট সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারগণকে নির্দেশ প্রদান করেছেন। উক্ত নির্বাচনে চেয়ারম্যান পদে অংশগ্রহণের জন্য স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১২(৩) (গ) (ঈ) নিম্নরূপঃ

"(ঈ) রাজনৈতিক দলের চেয়ারম্যান প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাহাদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত এই মর্মে একটি প্রত্যয়নপত্র থাকিবে যে, উক্ত প্রার্থীকে উক্ত দল হইতে মনোনয়ন দেওয়া হইয়াছে:

তবে শর্ত থাকে যে, কোন রাজনৈতিক দল কোন ইউনিয়ন পরিষদে চেয়ারম্যান পদে একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবে না, একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে উক্ত দলের প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে:

আরও শর্ত থাকে যে, সংশ্লিষ্ট রাজনৈতিক দল উহার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবি, নমুনা স্বাক্ষরসহ একটি পত্র তফসিল ঘোষণার ০৭ (সাত) দিনের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট এবং উক্ত পত্রের একটি অনুলিপি নির্বাচন কমিশনে প্রেরণ করিবে।";

০২। এমতাবস্থায়, ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচনে অংশগ্রহণ করতে ইচ্ছুক নিবন্ধিত রাজনৈতিক দলসমূহকে উক্ত বিধি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ
(১) পরিপত্র-১ অনুলিপি
(২) ৬৮৫টি ইউনিয়ন পরিষদের তালিকা
(৩) স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর সর্বশেষ সংশোধনী
(৪) স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর সংশ্লিষ্ট অংশ

16/03/16
(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহকারী সচিব
ফোনঃ ০২-৯১৮০৭৮৪
ফ্যাক্সঃ ০২-৯১৮০৮৪১

প্রাপক : সভাপতি/সাধারণ সম্পাদক
....(সকল নিবন্ধিত রাজনৈতিক দল)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৫.১৬-৯৮

তারিখঃ ০২ চৈত্র ১৪২২ / ১৬ মার্চ, ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

অঃপৃঃদ্রঃ

৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা

৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

৬. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,..(সকল)

৮. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার জন্য অনুরোধ করা হইল]

৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ...(সংশ্লিষ্ট জেলা)

১০. রিটার্নিং অফিসার, ...(সকল)

১১. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)

১২. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব ...., নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)

১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)

১৪. উপজেলা নির্বাচন অফিসার, ...(সংশ্লিষ্ট উপজেলা)

১৫. অফিসার-ইন-চার্জ, (সংশ্লিষ্ট থানা)

২৮/০২/১৬

(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহকারী সচিব

D:\Up Election-2016 Ao\UP letter_11.02.2016.doc

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২৬, ২০১৫

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১২ অগ্রহায়ণ, ১৪২২/২৬ নভেম্বর, ২০১৫

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১২ অগ্রহায়ণ, ১৪২২ মোতাবেক ২৬ নভেম্বর, ২০১৫ তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে ঃ—

২০১৫ সনের ২৮ নং আইন

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) (সংশোধন) আইন, ২০১৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ২০০৯ সনের ৬১নং আইনের ধারা ২ এর সংশোধন।—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২ এর—

মূল্য ঃ টাকা ৪.০০

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর উদ্ধৃতাংশ

(আ) উপ-দফা (ই) এ উল্লিখিত "হিসাবে" শব্দের পর " একই পদের" শব্দগুলি সন্নিবেশিত হইবে ও প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অত:পর নিম্নরূপ নূতন উপ-দফা (ঈ) সংযোজিত হইবে, যথা:—

"(ঈ) রাজনৈতিক দলের চেয়ারম্যান প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাহাদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত এই মর্মে একটি প্রত্যয়নপত্র থাকিবে যে, উক্ত প্রার্থীকে উক্ত দল হইতে মনোনয়ন দেওয়া হইয়াছে:

তবে শর্ত থাকে যে, কোন রাজনৈতিক দল কোন ইউনিয়ন পরিষদে চেয়ারম্যান পদে একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবে না, একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে উক্ত দলের প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে:

আরও শর্ত থাকে যে, সংশ্লিষ্ট রাজনৈতিক দল উহার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবি, নমুনা স্বাক্ষরসহ একটি পত্র তফসিল ঘোষণার ০৭ (সাত) দিনের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট এবং উক্ত পত্রের একটি অনুলিপি নির্বাচন কমিশনে প্রেরণ করিবে।";

(খ) উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৪) কোন ভোটার প্রস্তাবকারী হিসাবে অথবা সমর্থনকারী হিসাবে চেয়ারম্যান অথবা সংরক্ষিত আসনের সদস্য বা সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনের উদ্দেশ্যে সংশ্লিষ্ট পদে একটির অধিক মনোনয়নপত্রে তাহার নাম ব্যবহার করিবেন না এবং যদি কোন ভোটার একই পদে একাধিক মনোনয়নপত্রে তাহার নাম ব্যবহার করেন, তাহা হইলে এইরূপ সকল মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।";

(৭) বিধি ১৩ এর—

(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত "অথবা রিটার্নিং অফিসারের নিকট নগদে জমা প্রদান করিতে হইবে" শব্দগুলির পরিবর্তে "সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের অনুকূলে জমা প্রদান করিতে হইবে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;